

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯২৫

৪৬/ রাসূলুল্লাহ ্রুভ্রি ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابُ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴾ পরিচ্ছেদঃ ৬৯. মকা মুআজামার মর্যাদা

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عُقَيْلٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ حَمْرَاءَ الزُّهْرِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَاقِفًا عَلَى عَدِيِّ بْنِ حَمْرَاءَ الزُّهْرِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ وَأَحَبُّ أَرْضِ اللَّهِ إِلَى اللَّهِ وَلَوْلاَ أَنِّي الْحَزْوَرَةِ فَقَالَ " وَاللَّهِ إِنَّكِ لَخَيْرُ أَرْضِ اللَّهِ وَأَحَبُّ أَرْضِ اللَّهِ إِلَى اللَّهِ وَلَوْلاَ أَنِي الْحَرْجُتُ مِنْكِ مَا خَرَجْتُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَرَوَاهُ مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّهِ بْنِ عَدِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ حَمْرًاءَ عِنْدِي أَصِي طَلَى الله عليه وسلم . وَحَدِيثُ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ حَمْرًاءَ عِنْدِي أَصِي طَلَى الله عليه وسلم . وَحَدِيثُ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ حَمْرًاءَ عِنْدِي أَصِي أَصَحُ .

## বাংলা

৩৯২৫। আবদুল্লাহ ইবনু আদী ইবনু হামরাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে আমি মক্কার একটি ক্ষুদ্র টিলার উপর দণ্ডায়মানরত দেখলাম। তিনি বললেনঃ আল্লাহর কসম! তুমি নিশ্চয় আল্লাহ তা'আলার সকল ভূমির মাঝে সর্বোত্তম এবং আল্লাহ তা'আলার নিকট তুমিই সবচেয়ে প্রিয়ভূমি। আমাকে যদি তোমার বুক হতে (জোরপূর্বক) বিতাড়িত না করা হত তবে আমি কখনও (তোমায় ছেড়ে) চলে যেতাম না।

সহীহঃ ইবনু মাজাহ (৩১০৮)।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান গারীব সহীহ। এ হাদীস ইউনুস যুহরী হতে একই রকম রিওয়ায়াত করেছেন। মুহাম্মাদ ইবনু আমর (রাহঃ) আবৃ সালামাহ্ হতে, তিনি আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম হতে এই সনদে এটি রিওয়ায়াত করেছেন। আমার মতে আবৃ সালামার বরাতে আবুল্লাহ ইবনু আদী ইবনু হামরার সনদে যুহরী হতে বর্ণিত অনেক বেশি সহীহ।

## **English**



Narrated 'Abdullah bin 'Adi bin Hamra [Az-Zuhri]:

"I saw the Messenger of Allah () standing at Al-Hazwarah, and he said: "By Allah! You are the best of Allah's earth, and the most beloved of Allah's earth to Allah, and if it were not that I was expelled from you I would not have left."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আন্দুল্লাহ বিন আদী বিন হামরা আয যুহরী (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন